

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৬১

৩৬/ ফিতনা (ﷺ) কিতনা الفائلة)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

باب

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا أَبُو دَاؤُدَ، أَنْبَأَنَا شُعْبَةُ، عَنِ الأَعْمَشِ، وَحَمَّادٍ، وَعَاصِمِ بْنِ بَهْدَلَةَ، سَمِعُوا أَبَا وَائِلٍ، عَنْ حُدَيْفَةَ، قَالَ قَالَ عُمَرُ أَيُّكُمْ يَحْفَظُ مَا قَالَ رَسُولُ النَّهِ صَلَى الله عليه وسلم فِي الْفِتْنَةِ فَقَالَ حُدَيْفَةُ أَنَا . قَالَ حُدَيْفَةُ فِتْنَةُ الرَّجُلِ فِي أَهْلِهِ وَمَالِهِ وَوَلَدِهِ وَجَارِهِ يُكَفِّرُهَا الصَّلاَةُ وَالصَّوْمُ وَالصَّدَقَةُ وَالأَمْرُ بِالْمَعْرُوفِ وَالنَّهْى عَنِ الْمُنْكَرِ . وَوَلَدِهِ وَجَارِهِ يُكَفِّرُهَا الصَّلاَةُ وَالصَّوْمُ وَالصَّدَقَةُ وَالأَمْرُ بِالْمَعْرُوفِ وَالنَّهْى عَنِ الْمُنْكَرِ . فَقَالَ عُمْرُ لَسْتُ عَنْ هَذَا أَسْأَلُكَ وَلَكِنْ عَنِ الْفِتْنَةِ الَّتِي تَمُوجُ كَمَوْجِ الْبَحْرِ قَالَ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ إِنَّ بَيْنَكَ وَبَيْنَهَا بَابًا مُغْلَقًا . قَالَ عُمَرُ أَيُفْتَحُ أَمْ يُكْسَرُ قَالَ بَلْ يُكْسَرُ . قَالَ إِذًا لاَ يُغْلَقُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ . قَالَ أَبُو وَائِلٍ فِي حَدِيثِ حَمَّادٍ فَقُلْتُ لِمَسْرُوقٍ سَلْ حُذَيْفَة عَنِ الْبَابِ فَسَأَلَهُ فَقَالَ عُمَرُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ صَحَيحٌ .

বাংলা

২২৬১. মাহমূদ ইবন গায়লান (রহঃ) হুযায়ফা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, 'উমার রাদিয়াল্লাহু আনহু একদিন বললেনঃ ফিতনা সম্পর্কে রাসূলুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যা বলে গিয়েছিলেন সে বিষয়ে তোমাদের কার বেশী মনে আছে?

হুযায়ফা রাদিয়াল্লাহু আনহু বললেনঃ আমার। কোন ব্যক্তির পরিবার-পরিজন, ধন-সম্পদ, সন্তান-সন্তুতি ও প্রতিবেশীর ক্ষেত্রে যে ফিতনা অর্থাৎ ক্রটি-বিচ্যুতি হয় সে সবগুলোর তো সালাত (নামায), সাওম, সাদাকা, সৎ কাজের আদেশ এবং অসৎ কাজের নিষেধ (ইত্যাদি নেক আমল) দ্বারা কাফফারা হয়ে যায়।

'উমার রাদিয়াল্লাহু আনহু বললেনঃ এ বিষয়ে আপনার কাছে আমি জানতে চাচ্ছি না। আমি তো জানতে চাই সে ফিতনা সম্পর্কে যা সমুদ্রের তরঙ্গের ন্যায় তরঙ্গ তুলে আসবে।

তিনি বললেনঃ হে আমীরুল মু'মিনীন, আপনার এবং ঐ ফিতনার মাঝে একটি রুদ্ধ কপাট আছে।



'উমার রাদিয়াল্লাহু আনহু বললেনঃ তা কি খোলা হবে, না ভাঙ্গা হবে?

তিনি বললেনঃ না, তা ভাঙ্গা হবে।

'উমার রাদিয়াল্লাহু আনহু বললেনঃ তাহলে তো কিয়ামত পর্যন্ত আর তা বন্ধ হবে না।

হাম্মাদ (রহঃ)-এর রিওয়ায়াতে আছে যে, আবূ ওয়াইল (রহঃ) বলেন, আমি মাসরুককে বললাম, হুযায়ফা রাদিয়াল্লাহু আনহু-কে কপাটটি সম্পর্কে জিজ্ঞাসা করুন, তিনি তখন হুযায়ফা রাদিয়াল্লাহু আনহু-কে সে সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বললেনঃ তা হল স্বয়ং 'উমার রাদিয়াল্লাহু আনহু। সহীহ, ইবনু মাজাহ ৩৫৫৫, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২২৫৮ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন) এ হাদীসটি সহীহ।

English

Abu Wa'il narrated from Hudhaifah that 'Umar said:

"Which of you remembers what the Messenger of Allah(s.a.w) said about the Fitnah?" So Hudhaifah said: "I do." Hudhaifah said: "A man's Fitnah is in his family, his wealth, his children, and his neighbors. It is atoned for by the Salat, fasting, charity, and by commanding good and forbidding evil." 'Umar said: "I am not asking you about this. Rather, about the Fitnah that spreads like the waves of the sea." He said: "O Commander of the Believers! Between you and it is a closed door." 'Umar said: "Will it be opened or broken?" He said: "It will be broken." He said: "Then it will never be closed until the Day of Judgement."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন